দৈনিক
ইত্তেফাক

তারিখ 01 FEB 2016
পৃঃ 2 কলাম 6

# পরীক্ষার্থীদের পথের দুর্ভোগ এড়াতে প্রধানমন্ত্রীর পদক্ষেপ

## মন্ত্রিসভার বৈঠকের সময় ও স্থান পরিবর্তন

■ **ইত্তেফাক রিপোর্ট**

এসএসসি ও সমমানের পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর আজ সোমবারের নিয়মিত মন্ত্রিসভার বৈঠকের স্থান ও চলাচলের সময়সূচি পরিবর্তন করেছেন। মন্ত্রিসভার বৈঠক সচিবালয়ের পরিবর্তে অনুষ্ঠিত হবে প্রধানমন্ত্রীর কার্যালয়ে। পরীক্ষার্থীরা পরীক্ষার হলে প্রবেশ করার পর প্রধানমন্ত্রী সকাল সাড়ে ১০টায় তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে পৃষ্ঠা ১৯ কলাম ৪

## পরীক্ষার্থীদের পথের

প্রথম পৃষ্ঠার পর

বের হবেন। পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে প্রধানমন্ত্রী এ সিদ্ধান্ত নিয়েছেন বলে জানান তাঁর উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাধারণত প্রতি সোমবার নিয়মিত মন্ত্রিসভায় যোগ দিতে গণভবন থেকে সকাল ৯টায় বের হন। পরীক্ষার্থীদের কথা বিবেচনা করেই এই দিন তিনি বের হবেন নিয়মিত সময়ের দেড় ঘণ্টা পর। এছাড়াও পরীক্ষার্থীদের সুবিধার্থে মন্ত্রিসভার বৈঠকের ভেন্যু পাল্টে দিয়েছেন তিনি।

প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্র জানিয়েছে, গণভবন থেকে সচিবালয় পর্যন্ত অপেক্ষাকৃত দীর্ঘ রুট ব্যবহার না করে বাসভবন নিকটবর্তী তেজগাঁওয়ে তাঁর কার্যালয়ে যাবেন প্রধানমন্ত্রী।

এতে সড়কে ট্রাফিক ঝামেলা কম হবে। মন্ত্রিসভার অন্য সদস্যসহ বৈঠক সংশ্লিষ্টরা আসবেন প্রধানমন্ত্রীর কার্যালয়ে। প্রসঙ্গত, আজ সোমবার থেকে শুরু হতে যাওয়া এবারের এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নিচ্ছে ১৬ লাখ ৫১ হাজার ৫২৩ শিক্ষার্থী। এরমধ্যে ৮ লাখ ৪২ হাজার ৯৩৩ জন ছাত্র এবং ৮ লাখ ৮ হাজার ৫৯০ জন ছাত্রী।